



৩ মার্চ ২০২৪

বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী

বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সাধারণ সভা ও সম্মিলন অনুষ্ঠিত হয় ২মার্চ ২০২৪ শনিবার সকাল ৯-০০ টায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শহীদ সুখরঞ্জন সমাদ্দার টিএসসিসি মিলনায়তনে। প্রাণবন্ত পরিবেশের প্রাঙ্গণটি সাজানো হয়েছিল বুক স্টল, ঢাকা ও রাজশাহী বিভাগীয় কমিটির প্রদর্শনী ক্ষেত্র, রেজিস্ট্রেশন বুথ, সিনিয়র অ্যালামনাসদের আড্ডা-স্থাপনা, উন্মুক্ত প্যাডেলে আড্ডা আর মিলনায়তনের ভেতরে শুরু হয়েছিল সাধারণ সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের প্রস্তুতি। আড়াইশ'র অধিক রেজিস্ট্রার্ড সদস্য এতে অংশগ্রহণ করে। সকাল ৯-০০ টা থেকেই টিএসসিসি-কে ঘিরে শত শত অ্যালামনাস এক বর্ণিল পরিবেশ পেয়ে যায়। সকালে শুরু হয় রেজিস্ট্রেশন ও টোকেন সংগ্রহ। এবং সাধারণ সম্পাদকের প্রতিবেদন ও গঠনতন্ত্র সংশোধনীর কপি সকল সদস্যদের হাতে দিয়ে দেওয়া হয়। অ্যালামনাইয়ের কার্যনির্বাহী সদস্য আবদুল খালেক মিঠুর সকালের নাশতা ও কার্যনির্বাহী পরিষদের সহ-সাধারণ সম্পাদক এস. এম. সাইদুল আশিয়া বিকেলের নাশতা এবং অ্যালামনাইয়ের সাধারণ সম্পাদক শহীদ ইকবাল লাঞ্ছের আর্থিক অনুদানের রীতি অনুযায়ী যথাসময়ে খাবারের কার্যক্রম সম্পন্ন হয়। সকাল ১১-০০টা নাগাদ শুরু হয় অ্যালামনাই সাধারণ সভা। প্রথমে আসন গ্রহণ এবং সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষের প্রতিবেদন পেশ। অতঃপর মুক্ত আলোচনা। মুক্ত আলোচনার পরই পূর্বাপর গঠনতন্ত্রের সংশোধন এবং পরিমার্জন বিষয়ে সাধারণ সম্পাদকের বিবরণী পেশ করা হয়। সাধারণ সম্পাদকের বিবরণীতে গঠনতন্ত্রের মৌলিক কিছু পরিবর্তন উত্থাপন করা হয়। যেমন, সভাপতি নির্বাচিত হবে ঢাকা থেকে তাহলে সাধারণ সম্পাদক হবে রাজশাহী বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগ থেকে একইভাবে সাধারণ সম্পাদক ঢাকা থেকে হলে সভাপতি হবেন রাজশাহী বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগ থেকে, এছাড়া জরুরি প্রয়োজনে সাধারণ সভা করা না গেলে কার্যনির্বাহী পরিষদেও মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত প্রস্তাবনা, ঢাকা-রাজশাহী-খুলনা বিভাগীয় কমিটি ২৫ সদস্যবিশিষ্ট করা কিংবা সভাপতি ও সাধারণ সম্পাদকের নেতৃত্বে কমপক্ষে সাত সদস্যবিশিষ্ট কমিটির কাজ চালানো, অ্যালামনাইয়ের পুরস্কার প্রভৃতি পরিমার্জনা ও সংশোধনের ভেতর দিয়ে আগামী দ্বিবার্ষিক সম্মেলনে একটি পরিচ্ছন্ন গঠনতন্ত্র মূদ্রণের প্রস্তাব করা হয়। সভায় সংখ্যাগরিষ্ঠ সদস্যের স্বতঃস্ফূর্ত মতামতের ভিত্তিতে সংশোধিত গঠনতন্ত্র অনুমোদিত হয়। কিছু পয়েন্টে দুজন সদস্য ভিন্নমত দিলেও হাউজের স্বতঃস্ফূর্ত সমর্থনে সংশোধিত গঠনতন্ত্র অনুমোদিত হয়। এরপর বাংলা বিভাগ অ্যালামনাইয়ের প্রধান উপদেষ্টা, উপদেষ্টাগণ, প্রতিষ্ঠাতা সভাপতি কবি আপেল আবদুল্লাহ, প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক পিএমসফিকুল ইসলামসহ বর্তমান সভাপতি বিভাগীয় কমিটি কর্তৃক রাশেদা খালেক সম্পাদিত ও মুদ্রিত 'স্বপ্নের মতিহার' স্যুভেনিরের পাঠ-উন্মোচন করেন এবং বক্তব্য রাখেন। ঢাকা-রাজশাহী-খুলনা বিভাগীয় কমিটির প্রতিনিধিবৃন্দ তাদের কর্মপরিকল্পনা ব্যক্ত করেন। প্রত্যেককেই অ্যালামনাই সুগঠিত ও সুসংহত করার দিকনির্দেশনা দেন এবং এটি সম্মুখের দিকে এগিয়ে নেওয়ার কথা পুনর্ব্যক্ত করেন। বাংলা বিভাগ অ্যালামনাইয়ের সাধারণ সম্পাদক বাংলা বিভাগীয় সেমিনারে একটি 'অ্যালামনাই কর্নার' করার প্রত্যয় ব্যক্ত করেন। এছাড়া কোষাধ্যক্ষ মহোদয় অব্যয়যোগ্য হিসেব হতে আড়াই লক্ষ টাকা উত্তোলন করে এবি ব্যাংক রাজশাহী শাখায় এফডিআর করার প্রস্তাব করেন- তাতে বর্তমান কার্যনির্বাহী কমিটি মোট পাঁচলক্ষ টাকা অব্যয়যোগ্য ফান্ডে জমা প্রদান করতে সামর্থ্য হবে বলে অভিমত ব্যক্ত করেন। বস্তুত, এখন আর সাধারণ সদস্য না-থেকে সকলেই হবেন জীবন সদস্য। এবং অ্যালামনাই সদস্য সংখ্যা অর্থাৎ জীবন সদস্য বৃদ্ধির যে ধারাবাহিক কর্মপরিকল্পনা নেওয়া হয়েছে তা নিরন্তর অব্যাহত থাকবে বলে সকলেই একম পোষণ করেন।

বাংলা বিভাগ অ্যালামনাইয়ের প্রধান উপদেষ্টা প্রফেসর আবদুল খালেক অভিভাষণ দেন অতঃপর অ্যালামনাই সভাপতি সকলের মঙ্গল কামনা করে সাধারণ অধিবেশনের সমাপ্তি ঘোষণা করেন।

সাধারণ সভাপর পরই দুপুরের খাবার অতঃপর সন্ধ্যা পর্যন্ত চলে সাংস্কৃতিক অনুষ্ঠান। অ্যালামনাসদের মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান এবং বিকেলের নাশতা গ্রহণের পর দিনের কার্যসূচির সমাপ্তি ঘোষণা করা হয়।

২০২৪

সাধারণ সম্পাদক

বাংলা বিভাগ অ্যালামনাই

রাজশাহী বিশ্ববিদ্যালয়

সভাপতি

বাংলা বিভাগ অ্যালামনাই

রাজশাহী বিশ্ববিদ্যালয়